

মালাবতী ঘরে থেকে শুনিলেন তাই।
 ডেকে বলে 'এখানে আসিলে রক্ষা নাই।।
 দশরথ মস্তকেতে ছিল এক টিকি।
 নায়েব ধরিয়া তাই দিল এক ঝাঁকী।।
 চন্মের পাদুকা ছিল নায়েবের পায়।
 গোঁড় বাঁধা লোহাতে কঠিন অতিশয়।।
 সেই জুতা খুলে মারে ক্রোধে পরিপূর্ণ।
 দশরথ বলে 'নাহি ভাবি তার জন্য।।'
 দশরথ মৃত্তিকায় শুইয়া পড়িল।
 নায়েবের পদ ধরি পিঠ পেতে দিল।।
 'দশ জুতা মারিব তোরে রে দশরথ।
 যাহাতে না যা'স্ আর ঠাকুরের সাথ।।
 এত বলি পৃষ্ঠে মারে দশ জুতা বাড়ি।
 জরিমানা ডেকে দশরথে দিল ছাড়ি।।
 ঠাকুরে না দিলি যদি ওরে বেটা বোকা।
 জরিমানা করিলাম তোরে দশ টাকা।।
 শীঘ্র ফেলা টাকা নৈলে আরো মা'র খা'বি।
 টাকা যদি নাহি দিস্ কাছারী যাইবি।।'
 প্রভু বলে "মালাবতী শীঘ্র ঘরে যাও।
 দশ টাকা চাহে ওরে কুড়ি টাকা দেও।।"
 তাহা শুনি মালাবতী কুড়ি টাকা এনে।
 নায়েবের নিকট টাকা দিলেন তখনে।।
 ঘর হ'তে ঠাকুর কহেন নায়েবেরে।
 'আর দশ টাকা আমি দিলাম তোমারে।।
 কত নিবে কত খা'বে প্রজা বেঁচে রৈলে।
 ধনে বংশে মজাইলে যে মা'র মারিলে।।
 বারে বারে ইচ্ছা কর মোরে মারিবারে।
 এই মা'র আমা ছাড়া মারিয়াছ কারে?।
 জরিমানা দিলাম যে দশ টাকা বেশী।
 এখন নায়েববাবু হয়ে'ছ কি খুশি?।
 এমন মধুর নামে বিবাদী হইও না।
 এ জন্য দিলাম আমি বেশী জরিমানা।।

এখন আমরা গান করিতে কি পারি।
 পরকাল যা'তে রহে বলে হরি হরি।।'
 নায়েব কহিছে 'এবে আর কার ভয়।
 দিবানিশি হরি হরি বলহ সদায়।।'
 অমনি বলিয়া সবে প্রভু হরিচাঁদ।
 উচ্চৈঃস্বরে সবে করে গান নামপদ।।
 নামে প্রেমে দিশাহারা মাতিয়া উঠিল।
 বিষাদে হরিষ হ'য়ে সুখেতে ভাসিল।।
 কারো মনে দুঃখ দশরথেরে মেরেছে।
 তাহা মনে করি হরি বলি কাঁদিতেছে।।
 নায়েবের প্রতি কেহ ক্রোধ করি পড়ে।
 সে ভাবেও হরি বলে দস্ত কড়মড়ে।।
 কোন মেয়ে বলে 'হরি আর ভাই নাই।
 আনন্দে বলিব হরি আর কিবা চাই।।'
 'কি করিবে কোন বেটা' বলে কোন মেয়ে।
 'নায়েব দিয়াছে আজ্ঞা জরিমানা নিরে।।'
 কোন মেয়ে বলে 'সব মঙ্গল কারণ।
 কি দিয়ে কি করে হরি বুঝে কোনজন।।
 একাকী বিশ্বাস মহাশয় মা'র খেল।
 নিবির্ভয় হইল দেশ ভয় দূরে গেল।।
 হরি নাম লইতে নিবির্ভয় যদি হয়।
 বিশ জুতা বাড়ি খেলে তা'তে কিবা ভয়।।'
 কোন মেয়ে বলে 'কেন মোরে মারিল না।
 চল্লিশ জুতাতে মোর কিছুই হ'ত না।।'
 কেহ বলে 'আমারে মারিলে ভাল হ'ত।
 কেন মারিল না মোরে পঞ্চাশৎ জুত।।
 শ্রীহরিনামের গুণ বাড়ে যে প্রহারে।
 তাহাতে কি ব্যথা হ'ত আমার অন্তরে।।
 ধন্য দশরথ ধন্য নায়েব-প্রহার।
 হরিনাম বিঘ্ননাশ করে খেয়ে মা'র।।
 হরিচাঁদ! হরিচাঁদ! হরিচাঁদ! বল।
 কি করিতে পারে আর পাষণ্ডের দল।।'